# নবী-রসূলগণের দা'ওয়াতের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ দা'ওয়াত ও তাবলীগ

রচয়িতা/সঙ্কলকঃ আবু আহমাদ সাইফুদ্দীন বেলাল

## নবী-রসূলগণের দা'ওয়াতের পদ্ধতি জানার গুরুত্ব

প্রথমতঃ আল্লাহ তা'য়ালার দ্বীনের প্রকৃত দায়ী (আহ্বানকারী) হলেন নবী-রসূলগণ। তাঁরা মানুষকে একমাত্র আল্লাহ তা'য়ালার দিকে আহ্বান করেছেন। তাওহীদ প্রতিষ্ঠা ও শিরক উৎখাতের দাওয়াত দিয়েছেন। আর যাতে মানুষের কল্যাণ ও মঙ্গল রয়েছে তার প্রতি উৎসাহিত করেছেন এবং যাতে তাদের অকল্যাণ ও অমঙ্গল রয়েছে তা থেকে বারণ করেছেন।

১. আল্লাহ তা'য়ালার বাণী:

لَقَدْ أَرْسَلْنَا نُوحًا إِلَى قَوْمِهِ فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ٥٩

“নিশ্চয় আমি নূহকে তার সম্প্রদায়ের প্রতি পাঠিয়েছি। সে বলল: হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর এবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন মাবুদ (উপাস্য) নেই। আমি তোমাদের জন্যে একটি মহাদিবসের শাস্তির আশঙ্কা করি।” [সূরা আ'রাফ:৫৯]

২. আল্লাহ তা'য়ালার বাণী:

وَإِلَى عَادٍ أَخَاهُمْ هُودًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ

"আদ সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছি তাদের ভাই হুদকে। সে বলল: হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর এবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন মাবুদ নেই।” [সুরা আ'রাফ: ৬৫]

৩. আল্লাহ তা'য়ালার বাণী:

وَإِلَى ثَمُودَ أَخَاهُمْ صَالِحًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ قَدْ جَاءَتْكُم بَيِّنَةٌ مِّن رَّبِّكُمْ ٧٣

“সামূদ সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছি তাদের ভাই সালেহকে। সে বলল: হে আমার সম্প্রদায় তোমরা আল্লাহর এবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন মাবুদ নেই। [সূরা আ'রাফ: ৭৩]

৪. আল্লাহ তা'য়ালার বাণী:

فَتَوَلَّى عَنْهُمْ وَقَالَ يَا قَوْمِ لَقَدْ أَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّي وَنَصَحْتُ لَكُمْ وَلَكِن لَّا تُحِبُّونَ النَّاصِحِينَ ٧٩

"আর সে (সালেহ বলল: হে আমার জাতি, আমি তোমাদের নিকট আমার রবের রেসালাত পৌঁছে দিয়েছি। কিন্তু তোমরা নসীহতকারীদেরকে পছন্দ করো না।” [সূরা আ'রাফ: ৭৯)

৫. আল্লাহ তা'য়ালার বাণী:

وَإِلَى مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ

“আমি মাদইয়ানের প্রতি তাদের ভাই শোয়ায়েবকে প্রেরণ করেছি। সে বলল: হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর এবাদত কর। তিনি ব্যতীত তোমাদের কোন মাবুদ নেই।”[সূরা আ'রাফ: ৮৫]

৬. আল্লাহ তা'য়ালার বাণী:

وَإِبْرَاهِيمَ إِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللَّهَ وَاتَّقُوهُ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ١٦ dُ

“স্মরণ কর ইবরাহীমকে, যখন সে তার সম্প্রদায়কে বলল: তোমরা আল্লাহর এবাদত কর এবং তাঁকে ভয় কর। এটাই তোমাদের জন্যে উত্তম যদি তোমরা বোঝ।”[সূরা আনকাবূত:১৬]

৭. আল্লাহ তা'য়ালার বাণী:

وَقَالَ الْمَسِيحُ يَا بَنِي إِسْرَائِيلَ اعْبُدُوا اللَّهَ رَبِّي وَرَبَّكُمْ

“অথচ মসীহ্ বলল: হে বনি ইসরাঈল, তোমরা আল্লাহর এবাদত কর, যিনি আমার পালনকর্তা এবং তোমাদের পালনকর্তা।” [সূরা মায়েদা: ৭২]

৮. আল্লাহ তা'য়ালার বাণী:

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

“আমি প্রত্যেক উম্মতের মধ্যেই রসূল প্রেরণ করেছি এই মর্মে যে, তোমরা আল্লাহর এবাদত কর এবং তাগূত (আল্লাহ ছাড়া যার এবাদত করা হয়) থেকে নিরাপদ থাক।” [সূরা নাহল : ৩৬]

৯. রসূলুল্লাহ ﷺ-এর বাণী:

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّهُ لَمْ يَكُنْ نَبِيٌّ قَبْلِي إِلَّا كَانَ حَقًّا عَلَيْهِ أَنْ يَدُلَّ أُمَّتَهُ عَلَى خَيْرِ مَا يَعْلَمُهُ لَهُمْ وَيُنْذِرَهُمْ شَرَّ مَا يَعْلَمُهُ لَهُمْ. رواه مسلم

আব্দুল্লাহ ইবনে আমর ইবনে আস [রাঃ] থেকে বর্ণিত, তিনি বলেন রসূলুল্লাহ ﷺ বলেছেন: “আমার পূর্বের প্রতিটি নবীর দায়িত্ব ছিল, যে কল্যাণ জানতেন তার প্রতি তাঁর উম্মতেকে উৎসাহিত করা এবং যে অনিষ্ট সম্পর্কে অবগত হতেন তা থেকে তাদেরকে 'ভয় প্রদর্শন করা।” [মুসলিম]

দ্বিতীয়ত: নবী-রসুলদের দা'ওয়াত আল্লাহ তা'য়ালার অহির ভিত্তিতে। কোন চিন্তাবিদের চিন্তা-ভাবনা বা গবেষকের গবেষণা কিংবা কোন অলি-বুজুর্গের স্বপ্ন ইত্যাদি দ্বারা নয়। তাদের প্রতিটি কাজ ও আহ্বান একমাত্র অহি দ্বারাই গ্রহণ করা।

১. আল্লাহ তা'য়ালার বাণী:

قُلْ مَا كُنتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَا أَدْرِي مَا يُفْعَلُ بِي وَلَا بِكُمْ إِنْ أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىٰ إِلَيَّ وَمَا أَنَا إِلَّا نَذِيرٌ مُّبِينٌ ٩

“বলুন, আমি তো কোন নতুন রসূল নই। আমি জানি না, আমার ও তোমাদের সাথে কি ব্যবহার করা হবে। আমি কেবল তারই অনুসরণ করি, যা আমার প্রতি অহি করা হয়। আমি স্পষ্ট সতর্ককারী ছাড়া আর কিছুই নই।" [সূরা আহকাফ:৯]

২. আল্লাহ তা'য়ালার বাণী:

قُلْ إِنَّمَا أَتَّبِعُ مَا يُوحَى إِلَيَّ مِن رَّبِّي

“বলুন, আমি তো শুধুমাত্র আমার প্রতিপালকের নিকট থেকে যে অহি আসে তারই অনুসরণ করি।" [সূরা আ'রাফ : ২০৩]

৩. আল্লাহ তা'য়ালার বাণী:

وَلَوْ تَقَوَّلَ عَلَيْنَا بَعْضَ الْأَقَاوِيلِ ٤٤ لَأَخَذْنَا مِنْهُ بِالْيَمِينِ ٤٥ ثُمَّ لَقَطَعْنَا مِنْهُ الْوَتِينَ ٤٦

"তিনি যদি আমার নামে কোন কথা রচনা করতেন, তাহলে আমি তাঁর ডান হাত ধরে ফেলতাম। অতঃপর কেটে দিতাম তার গ্রীবা।” [সূরা হাক্কাহ: ৪৪-৪৬]

তৃতীয়ত: আল্লাহ তা'য়ালা কুরআনুল করীমে বিভিন্ন নবী-রসূলদের ঘটনা বর্ণনা করেছেন। আর তাঁদের চরিত্র ও গুণাবলী এবং পদ্ধতির অনুসরণ ও চলার জন্য আমাদেরকে নির্দেশ প্রদান করেছেন।

১. আল্লাহ তা'য়ালার বাণী:

أُولَئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ قُل لَّا أَسْأَلُكُمْ عَلَيْهِ أَجْرًا إِنْ هُوَ إِلَّا ذِكْرَى لِلْعَالَمِينَ ٩٠

"এরা এমন ছিল, যাদেরকে আল্লাহ পথ প্রদর্শন করেছিলেন। অতএব, আপনিও তাদের পথ অনুসরণ করুন। আপনি বলে দিন। আমি তোমাদের কাছে এর জন্যে কোন পারিশ্রমিক চাই না। এতো সারা বিশ্বের জন্যে একটি উপদেশমাত্র।" [সূরা আন'আম: ৯০]

২. আল্লাহ তা'য়ালার বাণী:

لَقَدْ كَانَ فِي قَصَصِهِمْ عِبْرَةٌ لِّأُولِي الْأَلْبَابِ

“তাদের কাহিনীতে বুদ্ধিমানদের জন্য রয়েছে প্রচুর শিক্ষণীয় বিষয়।” [সূরা ইউসুফ:১১১]

চতুর্থত: দা'ওয়াতী কাজে সাফল্য ও অগ্রগতি আল্লাহ তা'য়ালার নিয়ম ও পদ্ধতি ছাড়া অন্য কোন নীতি দ্বারা সম্ভব নয়। আর নবী-রসূলদের নিয়ম ও পদ্ধতিই হলো আল্লাহর রব্বানী পদ্ধতি ও নীতিমালা। আর বাকি সবই কারো স্বপ্নে বা জঙ্গলে কিংবা পণ্ডিত সাহেবের গবেষণা ইত্যাদির মাধ্যমে পাওয়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15126

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন